

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 30 April, 2025

সাবেক পুলিশ কর্মকর্তা আনসার উদ্দিন খান পাঠানকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক (কো-অর্ডিনেটর) হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। আজ (৩০ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৯ ধারা অনুযায়ী আনসার উদ্দিন খান পাঠানকে দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগ গ্রহণের আগে তাঁকে অন্য কোনো পেশা বা প্রতিষ্ঠানের সঙ্গে থাকা কর্ম-সম্পর্ক বিচ্ছিন্ন করতে হবে।

আনসার উদ্দিন খান পাঠান ২০২২ সালের ২১ সেপ্টেম্বর বাংলাদেশ পুলিশ একাডেমির পুলিশ সুপার হিসেবে অবসর গ্রহণ করেন।

গত বছরের ১৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থাটি পুনর্গঠন করা হয়। এরপর সংস্থার সমন্বয়ক পদে নিয়োগ পান পুলিশের সাবেক অ্যাডিশনাল ডিআইজি মো. মাজহারুল হক। তবে পাঁচ মাসের মধ্যেই ১৩ ফেব্রুয়ারি তাঁকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে পদায়ন করা হয়। তখন থেকেই এই গুরুত্বপূর্ণ পদটি শূন্য ছিল।

প্রসঙ্গত, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা বর্তমানে জুলাই-আগস্টে সংঘটিত গণ-অভ্যুত্থানে সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধ নিয়ে দায়ের হওয়া মামলাগুলোর তদন্তে নিয়োজিত রয়েছে। এই তদন্ত কার্যক্রমে নেতৃত্ব দেয় সমন্বয়ক।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল সমন্বয়ক মন্ত্রণালয়